

জেএসসির আজকের পরীক্ষা শুক্রবার

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রবিবার, ০৪ নভেম্বর ২০১৮

অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেটের (জেডিসি) আজকের (৪ নভেম্বর) পরীক্ষা আগামী ৯ নভেম্বর শুক্রবার সকাল ৯টায় নেয়া হবে।

গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার সংবাদকে এ তথ্য জানিয়ে বলেন, ‘শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এ পরীক্ষা স্থগিত করা হয়েছে।’ আজ জেডিসির আরবি ২য় পত্র ও জেএসসির ইংরেজি (অনিয়মিতদের ইংরেজি প্রথম পত্র) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কী কারণে পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে জানতে চাইলে তিনি বলেন ‘মন্ত্রণালয় কোন কারণের কথা বলেনি। অনিবার্য কারণেই তা করা হয়েছে।’

তবে শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে সংবাদকে বলেন, ‘রোববার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সারাদেশের কওমি মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীদের সমাবেশ ‘শোকরানা মাহফিল’ অনুষ্ঠিত হবে। এজন্য পরীক্ষার্থীদের অসুবিধার কথা বিবেচনা করে

পরীক্ষা পাছয়ে দেয়া হয়েছে। এই মাহাফলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সংবর্ধনা দেয়া হবে।’

এর আগে রোববার সোহরাওয়ার্দী উদ্যানে কওমি মাদ্রাসার ‘শোকরানা মাহফিল’ থাকায় ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) পক্ষ থেকে পরীক্ষার্থী ও অভিভাবকদের পর্যাপ্ত সময় হাতে নিয়ে বের হওয়ারও পরামর্শ দেয়া হয়েছিল। এখন পরীক্ষাই পিছিয়ে দেয়া হলো।

সরকার কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদ দাওয়ায়ে হাদিসকে (তাকমিল) সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি দিতে সুস্প্রতি আইন পাস করেছে। সেজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জানাতে দেশের ১৩ হাজার ৯০২টি কওমি মাদ্রাসার ১৪ লাখ শিক্ষার্থীর পক্ষ থেকে এই সমাবেশ ডাকা হয়েছে। এতে সভাপতিত্ব করবেন মাওলানা শাহ আহমদ শফি।

দেশের সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীন জেএসসি এবং মাদ্রাসা বোর্ডের জেডিসি পরীক্ষা শুরু হয়েছে গত বৃহস্পতিবার। এই দুটি পরীক্ষায় সারাদেশে দুই হাজার ৯০৩টি কেন্দ্রে ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। আগামী ১৫ নভেম্বর পর্যন্ত পরীক্ষা চলবে।